সংবাদ

তারিখ ... 13/9/83 ...
পৃষ্ঠা ... 1 কলাম ... 1 ...

# জগন্নাথ কলেজের ছাত্রাবাস ও মিলনায়তন নির্মাণের জন্যে ১ কোটি ৯৫ লাখ টাকার চেক প্রদান

প্রধান সামরিক আইন প্রশাসকের পক্ষে শিক্ষা মন্ত্রণালয়ের সচিব কাজী জালালউদ্দিন আহমেদ গতকাল সোমবার জগন্নাথ বিশ্ববিদ্যালয় কলেজের ছাত্রাবাস ও মিলনায়তন নির্মাণের জন্য গণপূর্ত বিভাগের প্রধান প্রকৌশলীর হাতে ১ কোটি ৯৫ লাখ টাকার চেক অর্পণ করেছেন।

চ্যান্সেলরের সচিবালয়ের সচিব কাজী জালাল ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্রদের উন্নত খাবার ও অন্যান্য গঠনমূলক কার্যক্রমের জন্য ১০ ও ১২ লাখ টাকার দুটো চেক ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মুহম্মদ শামসুল হকের হাতে অর্পণ করেন।

(শেষ পৃ: ১-এর ক: :)

## জগন্নাথ কলেজ

(১ম পৃ: পর)

উল্লেখ্য, জগন্নাথ বিশ্ববিদ্যালয় কলেজ পরিদর্শন কালে প্রধান সামরিক আইন প্রশাসক এইচ এম এরশাদ কলেজের জন্য একটি ছাত্রাবাস, মিলনায়তন ও খেলার মাঠ নির্মাণের প্রতিশ্রুতি দিয়েছিলেন। সে অনুযায়ী এই অর্থ সাহায্য দেয়া হয়।

ঢাকা বিশ্ববিদ্যালয়কে ১২ লাখ টাকার যে চেকটি দেয়া হয়েছে তা থেকে ১১টি হলের প্রত্যেকটিকে দেয়া হবে ১ লাখ টাকা করে এবং বাকী ১ লাখ পাবে ডাকসু।

এছাড়া ঢাকা বিশ্ববিদ্যালয়ে আরো দুটি হল নির্মাণের কাজ চলছে। খবর বাসস'র।

# ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্রদের জন্যে ৫টি দ্বিতল বাস

গত রোববার প্রধান সামরিক আইন প্রশাসক লে: জে: এইচ, এম এরশাদের সভাপতিত্বে মন্ত্রী পরিষদের বৈঠকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্রদের যাতায়াতের বিশেষ সুবিধার জন্যে বিআরটিসির ৫টি দ্বিতল বাস চালানোর সিদ্ধান্ত নেয়া হয়।

গতকাল সোমবার এক সরকারী হ্যাণ্ডআউটের উদ্ধৃতি দিয়ে বাসস জানাচ্ছে এসব বাস ইতিমধ্যে যথাযথভাবে মেরামত করা হয়েছে এবং বিআরটিসি এগুলো চালু করেছে।

076